

ঢাকা ওয়াসা

২৩। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

২৪। ঢাকা ওয়াসায় চুক্তিভিত্তিক হিসেবে “জিও হাইড্রোলজিস্ট” পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা গত ২৪/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়।

২৫। চুক্তিভিত্তিক জিও হাইড্রোলজিস্ট পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহনকারী মোট ১৪ জন পরীক্ষার্থীদের মধ্যে ১:৩০ ধরে ০৬ (ছয়) জন মৌখিক পরীক্ষার জন্য মনোনীত হয়। সে প্রেক্ষিতে জিও হাইড্রোলজিস্ট পদে উক্ত ০৬ (ছয়) জন প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ১৪/০৩/২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ওয়াসা ভবনস্থ ব্যবস্থাপনা পরিচালক এর সভা কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

(ক) অনুষ্ঠিতব্য “জিও হাইড্রোলজিস্ট” পদে নিয়োগ পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভুক্ত। সুতরাং উক্ত পদে মৌখিক পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানীত আহ্বায়ক ও সদস্যগণ এবং ০১ জন কো-অপ্ট সদস্য বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়-কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

(খ) উল্লেখিত পদে মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বর্ণিত সিলেকশন বোর্ডের সদস্যগণ, সহায়ক কর্মকর্তা ও সহযোগী কর্মচারীগণের সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষার দিন আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য এবং পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য প্রয়োজনীয় মাস্ক, স্যানিটাইজার, পানি সরবরাহের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(গ) “জিও হাইড্রোলজিস্ট” পদে অনুষ্ঠিতব্য মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓ উচ্চতর সিলেকশন কমিটির আহ্বায়ক, (১জন) সদস্য (৭ জন) ও কো-অপ্ট সদস্য (১জন)	২৭,৫০০/-
মোট [(৩,৫০০+৩০০০)×৮ = ২৭,৫০০]	
✓ সহায়ক কর্মকর্তা (উপ সচিব) (১,৮০০/-)	১,৮০০/-
✓ সহায়ক কর্মকর্তা (সহকারী সচিব) (১,৫০০/-)	১,৫০০/-
✓ অফিস সুপারিনটেনডেন্ট (১,২০০/-)	১,২০০/-
✓ সহযোগী টিমের কর্মচারী (৪ জন × ৮০০/-)	৩,২০০/-
✓ স্টেশনারী মালামাল ক্রয় বাবদ	১,৫০০/-
মোট =	৩৬,৭০০/-

২৬। অনুচ্ছেদ-২৫ এর বর্ণনার আলোকে

- উচ্চতর সিলেকশন কমিটির সম্মানীত আহ্বায়ক ও সদস্যগণ এবং ০১ জন কো-অপ্ট সদস্য বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়-কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ফলাফল ঢাকা ওয়াসার ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট)-কে পত্র দেয়া যেতে পারে।
- দিনক্ষণ জানিয়ে মৌখিক পরীক্ষা গ্রহণের নোটিশ ওয়েবসাইটে প্রকাশ এবং প্রার্থীদের অনুকূলে ইন্টারভিউ কার্ড ও এসএমএস প্রদানের লক্ষ্যে সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট)-কে পত্র দেয়া যেতে পারে।
- মৌখিক পরীক্ষার দিন আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে পত্র দেয়া যেতে পারে।
- উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে সর্বমোট ৩৬,৭০০/- (ছত্রিশ হাজার সাতশত) টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

২৭। এমতাবস্থায়, উপরোক্ত নোট অনুঃ ২৫ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৭/৩/২৪

০১(৭-১)

AS(A-1)

০৭/০৩/২৪
০১(৭-১)

MD Sir

২৬।

২/৩/২৪

DMD (HR & Admin)

০৭.০৩.২৪